গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
(রাজস্ব শাখা)
www.chapainawabganj.gov.bd

স্মারক: ৩১.৪৩.৭০০০.০১৫.০৩.০৪১.২০(খন্ড-৬).৭১২

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

## বালুমহাল ইজারা বিজ্ঞপ্তি

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ মোতাবেক চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন ০৪ (চার)টি বালুমহালের মধ্যে অইজারাকৃত ০১টি বালুমহাল ১৪৩৩ বঙ্গাব্দের অবশিষ্ট সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত তালিকাভুক্ত/লাইসেন্সধারী ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী দরপত্র আহ্বান করা যাচ্ছে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ ও সময়ে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী; জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর রাজস্ব শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে নগদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) (অফেরতযোগ্য) মূল্যে দরপত্র ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের সময় উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) টাকা যে কোনো তফশিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানত স্বরূপ (ফেরতযোগ্য) জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর অনুকূলে দরপত্রের সাথে অবশ্যই সংযোজন করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সর্বোচ্চ দর অনুমোদিত হওয়ার পর সঠিক দরদাতাকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিশোধযোগ্য সমুদয় টাকা সরকারি খাতে জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানত স্বরূপ রক্ষিত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর সম্পূর্ণ টাকা বাজেয়াপ্ত করা হবে এবং দরপত্র বাতিল বলে গণ্য হবে। গৃহীত দরের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে। এছাড়া সরকার কর্তৃক বিভিন্ন সময় আইন ও বিধি দ্বারা নির্ধারিত সকল প্রকারের কর প্রযোজ্য হবে। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য এ কার্যালয়ের www.chapainawabganj.gov.bd ওয়েবসাইট, নোটিশ বার্ড এবং রাজস্ব শাখা হতে জানা যাবে।

অতিরিক্ত শর্তাবলী দরপত্রের অংশ হিসাবে গণ্য হবে। কোনো কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

| দরপত্র ফরম প্রাপ্তির স্থান | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র দাখিলের স্থান | দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী; জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর | ০৬.০৫.২০২৬ খ্রি. | ০৭.০৫.২০২৬খ্রি. সকাল ১০:০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী; জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর এবং পুলিশ সুপারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ | জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ ০৭.০৫.২০২৬খ্রি. বিকাল ০৩:০০টা |

## ১৪৩৩ বঙ্গাব্দের অবশিষ্ট সময়ের জন্য ইজারাযোগ্য বালুমহালের নাম ও তথ্যাদি

০১। মালবাগডাঙ্গা বালুমহাল:

| উপজেলা | মৌজা/জেএল | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ | ১৪৩৩ বঙ্গাব্দের জন্য সরকারি ধার্য মূল্য |
|---|---|---|---|---|---|
| চাঁপাইনবাবগঞ্জ সদর | মালবাগডাঙ্গা/১৫৯ | ৬৫, ১১০, ৪০১, ৫৩, ১৩, ৪১, ২৭০, ১৫৭, ১৫৯, ১৯৬, ৫, ৫২, ১৮০, ১৯১, ১৭৬, ১, ১৯, ২৬১, ২৫৭, ৭২, ১৬৮, ২৬৩, ২৩৫, ২৫২, ২৫১, ২৯৫, ৩৫৫, ৩৫৬, ১১২, ২৬২, ২৮৯, ১৭৮, ৭১, ২৩৬, ১১০, ১৪০, ১৭৫, ২৪৪, ১১৬, ১৬৬, ১০৮, ৯২, ৩, ৩৪, ৩৯২, ২০৩, ২২৫, ৩০৯, ১৪৬, ৯৪, ২৭৮, ৩৭৩, ৩৫৭, ১৯২, ২৪৯, ৮৬, ২২, ৩০৭, ৪০৩, ১২, ৭৬, ১৯৯, ৭৫, ৫৪, ৩৯১, ২৯০, ১৭৭, ৩২১, ৩৫৮, ৭৯, ৭, ২৯২, ৩১১, ২৮৬/১, ২৮৬, ২৫, ১৫৩, ২২৬, ২০২/১, ২৫৭, ৩৩২, ১/৩৫, ৩৪৮, ৩৫৬, ২৬১, ২১১, ৮৪, ১০৩, ৮, ২৬৯, ৩১৩, ৩০৩, ৮৪, ৩৫৩, ৬৯, ২১৫, ২৪৩, ১৮০, ৪০০, ৫৯ | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ২৩, ২৪, ২৫, ২৬, ২৫/৫৩৫, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১৩, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮, ১৩৯, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৪৭, ১৪৮, ১৮১, ১৮২, ১৮৬, ১৮৭, ১৮৮, ১৮৯, ১৯৩, ১৯৪, ১৯৯, ২০০, ২০১, ২০২, ২০৩, ২০৪, ২০৫, ২০৭ | ২৫.০০ একর | ১,১০,২৫,০০০/- (এক কোটি দশ লক্ষ পঁচিশ হাজার) |

22.04.26
(আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
চাঁপাইনবাবগঞ্জ

# বালুমহাল ইজারার অতিরিক্ত শর্তাবলী ও নিয়মাবলী

০১. সীলমোহরকৃত খামে পৃথকভাবে দরপত্র দাখিল করতে হবে। খামের উপর বালুমহালের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

০২. দরপত্র ফরমের নির্দিষ্ট স্থানে এবং দরপত্রের প্রতি পাতায় আবেদনকারীর স্বাক্ষর থাকতে হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র ফরমে কোন কাঁটা ছেড়া বা ঘষামাজা করা যাবে না।

০৩. ১৪৩৩ বঙ্গাব্দের যে সময়েই ইজারা প্রদান করা হোক, এর মেয়াদ ০১ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র, ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত বলে গণ্য হবে। ইজারার মেয়াদ কোনক্রমেই বৃদ্ধিযোগ্য নয়।

০৪. দরপত্রে উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) টাকা যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানত স্বরূপ জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর অনুকূলে দরপত্রের সাথে অবশ্যই সংযোজন করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫. হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, টিআইএন (TIN) সার্টিফিকেট, সর্বশেষ অর্থবছরের আয়কর প্রদানের সনদপত্র, তফসিলি ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র (স্থিতি উল্লেখসহ) এবং ভ্যাট সার্টিফিকেট দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৬. দরপত্রের সঙ্গে বালুমহালের তালিকাভূক্তির সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৭. বালু উত্তোলনে ব্যবহৃত পরিবহণের ব্যবস্থা দরপত্র ফরমে উল্লেখ করতে হবে।

০৮. দরপত্রের সাথে সংশ্লিষ্ট বালুমহালের স্কেচম্যাপ/মৌজার ম্যাপ সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে সংগ্রহ করে দাখিল করতে হবে।

০৯. গৃহীত ইজারা মূল্যের উপর ১০% (শতকরা দশ) হিসেবে আয়কর এবং ১৫% (শতকরা পনের) হিসেবে ভ্যাট প্রদান করতে হবে। এছাড়া সরকার কর্তৃক বিভিন্ন সময় আইন ও বিধি দ্বারা নির্ধারিত সকল প্রকারের কর প্রযোজ্য হবে। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ইজারামূল্যসহ সমুদয় অর্থ (ভ্যাট, আয়কর এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য করসহ) সরকারের অনুকূলে জমা দিতে হবে। সমুদয় অর্থ পরিশোধের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিজ দায়িত্বে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস হতে বিধি মোতাবেক দখল গ্রহণ করতে হবে। অন্যথায় পরবর্তীতে দখল বুঝিয়ে দেওয়ার বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না। বালুমহালের দখল বুঝে না পাওয়া পর্যন্ত বালুমহাল হতে বালু উত্তোলন বা ড্রেজিং করা যাবে না। যে কোনো পর্যায়ে কোনো দর সন্তোষজনক মর্মে গৃহীত হলে পরবর্তী পর্যায়ে সংশ্লিষ্ট বালুমহাল ইজারার জন্য আর কোন সিডিউল বিক্রি করা হবে না।

১০. নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ইজারার কার্যাদেশ বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং বালুমহালটি পুনরায় ইজারা প্রদান করা হবে।

১১. কর্তৃপক্ষ কোনো কারণে সর্বোচ্চ দর অনুমোদন না করলে, কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। এ ব্যাপারে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১২. নৌ-পথের অবকাঠামোগত পরিবর্তন করা যাবে না।

১৩. নদীর স্বাভাবিক বৈশিষ্ট্য অক্ষুণ্ন রেখে ১:৩ ঢাল সংরক্ষণ করে বালু বা মাটি উত্তোলন করতে হবে এবং কোন স্থানে অস্বাভাবিক গভীরতায় নদী খনন করা যাবে না।

১৪. ড্রেজিংয়ের ফলে কোনো স্থানে স্থাপিত কোন গ্যাস লাইন, ওয়াসা লাইন, বিদ্যুৎ লাইন, পয়ঃনিস্কাশন লাইন বা অন্য কোনো গুরুত্বপূর্ণ লাইন বা কোনো অবকাঠামো ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা থাকলে এরূপ স্থান থেকে বালু উত্তোলন করা যাবে না।

১৫. বালু উত্তোলনকালে নৌ-চলাচলের কোন বিঘ্ন সৃষ্টি করা যাবে না এবং রাত্রিকালে বালু বা মাটি খনন করা যাবে না।

১৬. বালু বা মাটি খননের সময় সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে লাল পতাকা প্রদর্শন করতে হবে এবং যেখানে নোঙ্গর নিষিদ্ধ সাইন বোর্ড আছে সে স্থানে খনন করা যাবে না।

১৭. বালু বা মাটি উত্তোলনের সময় স্থানীয় জনগণের জমি ক্ষতিগ্রস্ত করা যাবে না এবং ক্ষতির সম্মুখীন হলে ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে তা সমাধান করবে। তাতে ইজারাদাতা কোনরূপ হস্তক্ষেপ করবে না বা দায়ী থাকবে না।

১৮. বালু বা মাটি উত্তোলনকালে কোনো প্রকার দুর্ঘটনার জন্য ইজারাদাতা দায়ী থাকবে না। যে কোনো প্রকার ক্ষয়ক্ষতির জন্য ইজারা গ্রহীতা দায়ী থাকবেন এবং কোনো প্রকার ক্ষতিপূরণের দাবি আসলে তা ইজারা গ্রহীতাকে বহন করতে হবে।

১৯. নদীর ভূ-প্রাকৃতিক পরিবেশ, মৎস্য, জলজপ্রাণি বা উদ্ভিদ বিনষ্ট করে বালু উত্তোলন করা যাবে না। জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও পরিবেশ দূষণমুক্ত রাখতে হবে।

২০. বালু উত্তোলনের বিষয়ে সরকার কর্তৃক জারিকৃত সকল সার্কুলার, বিধি-বিধান ও আইনসমূহ মেনে চলতে হবে। বর্ণিত কোনো শর্ত লঙ্ঘিত হলে তাৎক্ষণিকভাবে বালু উত্তোলন বন্ধ করে দেয়া হবে এবং ইজারা বাতিল বলে গণ্য হবে।

২১. উত্তোলিত বালু বা মাটি কোনো অবস্থাতেই নদীর তীরে বা নদীতে ফেলা যাবে না।

২২. সেতু, সড়ক, মহাসড়ক ও অন্যান্য গুরত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনার সন্নিকটবর্তী স্থান এবং পরিবেশের ভারসাম্য বিনষ্ট করে এমন কোনো স্থান হতে বালু উত্তোলন করা যাবে না।

২৩. ড্রেজারের মাধ্যমে বালু বা মাটি উত্তোলন শেষে ড্রেজিং সংক্রান্ত যাবতীয় মালামাল (যেমন: ড্রেজার, পাইপ ইত্যাদি) ইজারা গ্রহীতা দ্রুত বালু মহাল হতে সরিয়ে নিতে বাধ্য থাকবেন।

২৪. প্রস্তাবিত এলাকা হতে মাটি কাটার সময় নৌ-চলাচলের কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।

২৫. ড্রেজিংয়ের মাধ্যমে বালু উত্তোলনের ফলে নদীর তীর ভাংগনের আশংকা থাকলে এরূপ স্থান থেকে বালু উত্তোলন করা যাবে না।

২৬. ইজারাদার সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত বালু আহরণ করতে পারবে। এর অন্যথায় বালু আহরণ করতে হলে জেলা কমিটির সভাপতির লিখিত অনুমতি গ্রহণ করতে হবে।

২৭. মাছের প্রজনন সময়ে ও প্রজনন ক্ষেত্রে বালু উত্তোলন বন্ধ রাখতে হবে।

২৮. বালু উত্তোলনের নিমিত্ত বাল্কহেড বা প্রচলিত বলগেট ড্রেজার মেশিন ব্যবহার করা যাবে না এবং বালুমহাল সীমানায় বালু মজুদ রাখা যাবে না।

২৯. বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত যাবতীয় বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৩০. নদী ভাঙ্গন এলাকায় নদীর তীরবর্তী জমির মাটি বিক্রয় ও উত্তোলন করা যাবে না।

৩১. কোন অবস্থাতেই বালু/মাটি ব্যতীত অন্য কোন খনিজ দ্রব্য উত্তোলন করা যাবে না।

৩২. বালুমহালগুলো যেখানে যে অবস্থায় রয়েছে সে অনুযায়ী ইজারা দেয়া হবে। বালুমহালের বাস্তব অবস্থায় (সীমানা) পরিবর্তন হতে পারে এবং বালুমহালের আয়তন হ্রাস পেতে পারে। এ জন্য কোনো আপত্তি উত্থাপন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩৩. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় যে কোন পর্যায়ে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির কার্যকারিতা পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৩৪. বালুমহাল ইজারা মেয়াদকালীন আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা বলবতের কারণে ইজারা গ্রহীতা ক্ষতিগ্রস্ত হলে তার জন্য কোনো প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

৩৫. সরেজমিনে বালুমহালের বাস্তব অবস্থা দেখে দরপত্র দাখিল করতে হবে। ইজারা গ্রহণের পর কোনো প্রকার ওজর আপত্তি উত্থাপন করলে তা গ্রহণযোগ্য হবে না।

৩৬. ভুল/মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ দরপত্র বিবেচনাযোগ্য নয়।

৩৭. বালুমহাল ইজারা বন্দোবস্তের দরপত্র মঞ্জুর/না-মঞ্জুর/বাতিলের সুপারিশ প্রদানের ক্ষেত্রে কমিটি সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

৩৮. অকৃতকার্য দরদাতার দাখিলকৃত জামানত(ব্যাংক ড্রাফট/পে-অর্ডার) জেলা কমিটিতে সিদ্ধান্তের পর ফেরত দেয়া হবে এবং কৃতকার্য দরপত্রদাতার দাখিলকৃত জামানত(ব্যাংক ড্রাফট/পে-অর্ডার) ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

৩৯. দরপত্র দাখিলের তারিখে বিকাল ০৩:০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের (যদি কেউ উপস্থিত থাকেন) সম্মুখে দরপত্রসমূহ খোলা হবে।

৪০. ইজারা গ্রহীতা কোনো অবস্থাতেই নির্ধারিত তফসিল বর্ণিত এলাকার বাইরে বালু উত্তোলন করতে পারবে না।

৪১. উপরোক্ত শর্তাবলীর যে কোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং সরকারি সম্পত্তির ক্ষতিসাধন করার জন্য ক্ষতিপূরণ আদায়সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪২. ১৪৩৩ বঙ্গাব্দের অতিক্রান্ত সময়কে দাবী করে কোনো আপত্তি কিংবা বিজ্ঞ আদালতে কোনো মামলা দায়ের করা যাবে না।

৪৩. যুক্তিসংগত কারণে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

22.04.26

(আবু ছালেহ মো: মুসা জঙ্গী)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
চাঁপাইনবাবগঞ্জ
ফোন: ০২৫৮৮৮-৯৩৩০০ (অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
(রাজস্ব শাখা)
www.chapainawabganj.gov.bd

স্মারক: ৩১.৪৩.৭০০০.০১৫.০৩.০৪১.২০(খন্ড-৬). ৭১২/১(১৫০)

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ / ২২ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

অনুলিপি অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০৩। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ
০৪। প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ/শিবগঞ্জ/রহনপুর/নাচোল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ
০৫। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/গণপূর্ত বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ
০৬। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
০৭। সহকারী কমিশনার (ভূমি), চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
০৮। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, এ কার্যালয় (বিজ্ঞপ্তিটি এ অফিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
০৯। জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
১০। চেয়ারম্যান (সকল), -----------------------------------ইউনিয়ন, উপজেলা---------------------------------জেলা: চাঁপাইনবাবগঞ্জ
১১। পৌর/ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), ----------------------------------পৌর/ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা------------ ---------------------জেলা: চাঁপাইনবাবগঞ্জ। তাকে তার ইউনিয়ন/পৌর এলাকাধীন বালুমহাল ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তিটি স্থানীয় হাট/বাজারে ঢোল সহরত পূর্বক প্রচার করতঃ প্রতিবেদন অত্র দপ্তরে দাখিলের জন্য বলা হলো।
১২। অত্র অফিসের নোটিশ বোর্ড।

22/04/2026
(জাহিদ হাসান)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
চাঁপাইনবাবগঞ্জ
ফোন: ০২৫৮৮৮-৯৩২২১ (অফিস)
E-mail: chapairevenue2018@gmail.com